# দেশেই উন্নত চিকিৎসার ব্যবস্থা গড়ে তুলতে হবে: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

দেশের মানুষ যেন চিকিৎসার জন্য বিদেশে যেতে বাধ্য না হন, সে ধরনের স্বাস্থ্যব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা রুহুল কবির রিজভী। তিনি বলেন, উন্নত চিকিৎসা দেশের মধ্যেই নিশ্চিত করা গেলে রোগীদের বিদেশনির্ভরতা অনেকটাই কমে আসবে।

শনিবার (১৮ জুলাই) বিকেলে রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে বাংলাদেশ কার্ডিয়াক সোসাইটির আয়োজিত এক কর্মশালায় তিনি এসব কথা বলেন।

রিজভী বলেন, একসময় ভারত থেকে চিকিৎসকেরা রাজশাহীতে এসে রোগীদের চিকিৎসা দিতেন। কিন্তু বর্তমানে দেশের অনেক মানুষ চিকিৎসাসেবার জন্য বিদেশে যাচ্ছেন। এই পরিস্থিতির পরিবর্তনে স্বাস্থ্য খাতের সক্ষমতা বাড়ানোর প্রয়োজন রয়েছে বলে তিনি মন্তব্য করেন।

তিনি আরও বলেন, মানুষের জীবন ও চিকিৎসাসেবার প্রশ্নে রাজনৈতিক বিবেচনার সুযোগ নেই। চিকিৎসকদের মূল্যায়ন করতে হবে তাদের দক্ষতা, মেধা ও পেশাগত যোগ্যতার ভিত্তিতে। স্বাস্থ্যসেবার মানোন্নয়নে এসব বিষয়কে অগ্রাধিকার দেওয়া জরুরি বলেও উল্লেখ করেন তিনি।

স্বাস্থ্য খাতের বিভিন্ন সীমাবদ্ধতা দূর করা গেলে সাধারণ মানুষের চিকিৎসাসেবা আরও সহজলভ্য হবে বলে মন্তব্য করেন রিজভী। তিনি বলেন, বিদ্যমান ঘাটতিগুলো কাটিয়ে উঠতে সরকার কাজ করছে এবং স্বাস্থ্যসেবাকে আরও কার্যকর ও জনমুখী করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে।